

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯৭৯ হাঁচি ও তার জবাবদান পরিচ্ছেদঃ ৪৪৩- মুয়ানাকা (আলিঙ্গন)।

بَابُ الْمُعَانَقَةِ

## আরবী

حَدَّثَنَا مُوسَى، قَالَ: حَدَّثَنَا هَمَّامٌ، عَنِ الْقَاسِمِ بْنِ عَبْدِ الْوَاحِد، عَنِ ابْنِ عَقِيل، أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ حَدَّتُهُ، أَنَّهُ بَلَغَهُ حَدِيثٌ عَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم، فَابْتَعْتُ بَعِيرًا فَشَدَدْتُ إِلَيْهِ رَحْلِي شَهْرًا، حَتَّى قَدِمْتُ الشَّامَ، فَإِذَا عَبْدُ اللهِ بْنُ أُنيْسٍ، فَبَعَثْتُ إِلَيْهِ أَنَّ جَابِرًا بِالْبَابِ، فَرَجَعَ الرَّسُولُ فَقَالَ: جَابِرُ بْنُ عَبْدِ اللهِ؟ فَقُلْتُ: نَعَمْ، فَبَعَثْتُ إِلَيْهِ أَنَّ جَابِرًا بِالْبَابِ، فَرَجَعَ الرَّسُولُ فَقَالَ: جَابِرُ بْنُ عَبْدِ اللهِ؟ فَقُلْتُ: نَعَمْ، فَخَرَجَ فَاعْتَنَقَنِي، قُلْتُ: حَدِيثٌ بَلَغَنِي لَمْ أَسْمَعْهُ، خَشِيتُ أَنْ أَمُوتَ أَنْ تَمُوتَ، قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ: يَحْشُرُ اللَّهُ الْعِبَادَ، أَوِ النَّاسَ، عُرَاةً غُرْلاً بُهْمًا، قَلَل: مَا بُهُمًا؛ قَالَ: لَيْسَ مَعَهُمْ شَيْءٌ، فَيُنَادِيهِمْ بِصَوْت يَسْمَعُهُ مَنْ بَعُدَ، أَحْسَبُهُ قَالَ: كَمْ الْبَابُ بِمَطْلُمَةٍ، وَلاَ يَنْبَغِي لأَحَدِ مِنْ أَهْلِ النَّارِ يَطْلُبُهُ بِمَظْلُمَةٍ، وَلاَ يَنْبَغِي لأَحَدِ مِنْ أَهْلِ النَّارِ يَدْخُلُ النَّارَ وَأَحَدٌ مِنْ أَهْلِ النَّارِ يَطْلُبُهُ بِمَظْلُمَةٍ، قُلْتَ وَلَا يَنْبَغِي لأَحَدِ مِنْ أَهْلِ النَّارِ يَطْلُبُهُ بِمَظْلُمَةٍ، وَلاَ يَنْبَغِي لأَحَد مِنْ أَهْلِ النَّارِ يَدْخُلُ النَّارَ وَأَحَدٌ مِنْ أَهْلِ النَّارِ يَسْمَعُهُ مَنْ قُرُبَ: وَكَيْفَ؟ وَإِنَّمَا نَأْتِي اللَّهَ عُرَاةً بُهُمًا؟ قَالَ: بِالْحَسَنَاتِ وَالسَّيِّتَاتِ.

## বাংলা

৯৭৯। ইবনে আকীল (রহঃ) থেকে বর্ণিত। জাবের ইবন আবদুল্লাহ (রাঃ) তার নিকট বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর এক সাহাবীর বরাতে একটি হাদীস সম্পর্কে অবহিত হন। আমি (জাবের) একটি উট ক্রয় করে তাতে আরোহণ করে এক মাসের পথ অতিক্রম করে সিরিয়ায় গিয়ে তার নিকট উপস্থিত হই। সেই সাহাবী ছিলেন আবদুল্লাহ ইবনে উনাইস (রাঃ)। আমি তাকে খবর পাঠালাম যে, জাবের তোমার দ্বারে অপেক্ষমাণ। দূত ফিরে এসে জিজ্জেস করলো, আপনার নাম কি জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ)? আমি বললাম, হাঁ। তখন তিনি বাইরে বের হয়ে এসে আমাকে আলিঙ্গন করেন। আমি বললাম, এমন একটি হাদীস আমার নিকট পৌঁছেছে যা আমি ইতিপূর্বে শুনিনি। আমার আশংকা হলো হয়তো আমি মারা যাবো অথবা আপনি মারা যাবেন।



তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ আল্লাহ তাআলা বান্দাগণকে বা মানবজাতিকে হাশরের মাঠে উঠাবেন বস্ত্রহীন ও সহায়-সম্বলহীন অবস্থায়। আমরা বললাম, সহায়-সম্বলহীন কি? তিনি বলেনঃ তাদের কোন সহায়-সম্বল থাকবে না। তিনি তাদেরকে সশব্দে ডাকবেন, দূরবর্তীগণও তা শুনতে পাবে, যেমন শুনতে পাবে নিকটবর্তীরা, "আমিই রাজাধিরাজ"। কোন বেহেশতবাসী বেহেশতে প্রবেশ করতে পারবে না যতক্ষণ তার উপর কোন দোযখবাসীর কোন দাবি অবশিষ্ট থাকবে। আর কোন দোযখবাসীও দোযখে প্রবেশ করবে না যতক্ষণ তার উপর কোন বেহেশতবাসীর কোন দাবি অবশিষ্ট থাকবে। আমি বললাম, সে দাবি কিভাবে মিটমাট করবে, যেখানে আমরা সকলে উথিত হবো আল্লাহর সমীপে সহায়-সম্বলহীনভাবে? তিনি বলেনঃ নেকী এবং গোনাহ দ্বারা। (বুখারী, আহমাদ, আবু ইয়ালা, তাবারানী, হাকিম)

## **English**

Jabir ibn 'Abdullah said, "I purchased a camel and rode it hard for a month until I reached Syria. 'Abdullah ibn Unays was there, and I sent word to him, saying, 'Jabir is at the door.' The messenger returned and said, 'Jabir ibn 'Abdullah?' 'Yes,' I replied. So 'Abdullah came out and embraced me. I said, 'A hadith reached me which I had not heard before and I feared that one of us might die.'" He went on, "I heard the Prophet, may Allah bless him and grant him peace, say, 'Allah will gather His slaves? or people? naked, uncircumcised, without anything.' We asked, 'What is meant by "without anything"?' The Prophet said, 'They will have nothing with them.' (The Prophet went on,) 'They will be called by a voice that is heard from afar (and I think that he said, 'as if it was from close at hand'), saying, "I am the King. None of the people of the Garden will enter the Garden while any of the people of the Fire are seeking him for some injustice he did to him. None of the people of the Fire will enter the Fire while any of the people of the Garden are seeking him for an injustice he did to him." I asked, 'How is this? We come to Allah naked and without any worldly goods?' He said, 'This applies to good actions and evil actions."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন